

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৪০.২৭.৪৮৩.১৮. ২৩৬

তারিখ : ০৬/০২/২০১৮ খ্রিঃ


বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র : জামালপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/জামাল/২০১৮/১৯ তারিখ : ১৪/০১/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, জামালপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব মোঃ মাইদুল ইসলাম এর বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের পরিপ্রেক্ষিতে অন্যত্র বদলী সংক্রান্ত একখানা পত্র পাওয়া গেছে। তিনি শ্রেণী কক্ষে শিক্ষার্থীদের সাথে শিক্ষক সুলভ আচরণ না করণসহ নিম্নলিখিত অভিযোগ রয়েছে।

- (ক) তিনি শ্রেণীকক্ষে গিয়ে অহেতুক ধমকাদমকি ও বকাবকি করেন মর্মে শিক্ষার্থীদের অভিযোগ রয়েছে।
- (খ) তিনি পরীক্ষা হলে একবার যাওয়ার পর বাহিরে চলে যান এবং পুণরায় আর ফিরে আসেন না। পরীক্ষা নিয়ন্ত্রন কর্মকর্তা তাকে এ ব্যাপারে কিছু বললে তার সাথে অসৌজন্যমূলক আচরণ করেন।
- (গ) পরীক্ষার হলে গিয়ে অন্য পরিদর্শী এবং পরীক্ষার্থীদের বলেন“ কে ধুমপান করেছে বের হয়ে যাও, নইলে কিন্তু আমি বের করে দেব”।
- (ঘ) গত ১৩/০১/২০১৮ খ্রিঃ তারিখ বেলা ০২:০০ ঘটিকা হতে তার ব্যবহারিক পরীক্ষার দায়িত্ব থাকলেও তিনি দায়িত্ব পালন করেন নি। এ জন্য প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও একাডেমিক ইনচার্জ জিজ্ঞাসা করলে তিনি আপত্তিকর ভাষা প্রয়োগ করেন এবং অধ্যক্ষ ও একাডেমিক ইনচার্জ এর সাথে অসৌজন্যমূলক আচরণ করেন।
- (ঙ) তিনি ইতঃপূর্বে পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত ছিলেন। সেখানে কর্মরতকালীন তার অস্বাভাবিক আচরণ ও শিক্ষা কার্যক্রমে অচলাবস্থার সৃষ্টি সংক্রান্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে গত ০৮/১০/২০১৫ খ্রিঃ তারিখে ৩৭.০৩.০০০০.০৪০.২৭.০৫৫.১৩(অংশ-৩).৭৮৩ স্মারকমূলে তাকে মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজে বদলী করা হয়। পরবর্তীতে তিনি মৌলভীবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরতকালীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা একখানা অভিযোগ দাখিল করলে প্রতিষ্ঠানের অধ্যক্ষ স্মারক নং-টিএসসি/মোঃ/পি.এফ/৬৬, তারিখ:১৩/০৮/২০১৬ খ্রিঃ মোতাবেক এর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণের পরিপ্রেক্ষিতে তাকে ১৯/০৯/২০১৬ খ্রিঃ তারিখে ৩৭.০৩.০০০০.০৪০.২৭.০৫৫.১৩(অংশ-৩)/১২০৬ স্মারকমূলে জামালপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে বদলী করা হলেও তার আচরণগত কোন পরিবর্তন পরিলক্ষিত হয়নি।

এমতাবস্থায়, তাকে পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিখিত জবাব প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
মোঃ নুরুল ইসলাম  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
০৬/০২/১৮

জনাব মোঃ মাইদুল ইসলাম  
জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল)  
জামালপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে  
জামালপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। অধ্যক্ষ, জামালপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, জামালপুর।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।